

আটলানটিকের পাড়ে

কারে খুজে ফিরি

আকবর হায়দার কিরন

সমুদ্রের ঢেউগুলো বারবার ফনা

তুলে গজন করে এগিয়ে আসে

মুছে দিয়ে যায় বালুকা বেলায়

অনেক ভালোবাসা দিয়ে লেখা কথাগুলো

দিনে কিংবা রাতে কখনোই দেখতে

পাইনে আটলানটিকের ওপাড়

দেখা যায়না দূরের কোন বাতিঘর

অনেক দূরের অপস্য়মান জাহাজ

কেমন যেন দূর হতে আরো দূরে

সরে যায় দৃষ্টি সীমানার অনেক বাইরে

সমুদ্রের কাছাকাছি এলে ক্যাসিনো গুলোকে

মনে হয় একেকটি মৃত দীপ

সমুদ্রের সো সো গরজন এবং

সামুদ্রিক পাখিগুলোর ডাক কে

মনে হয় এক অমর সংগীত

সৈকতে হাটতে গিয়ে আশপাশের

মানুষগুলোকে কেন জানি চোখেই পড়েনা

মনে হয় আমি যেন কোন এক অচিন

দেশের মানুষ শুধু সাগরের কাছেই এসেছি

আমার ভালোলাগে সমুদ্রের জল ও বালুকাবেলা

আটলানটিক সিটি ৫ অক্টোবর ২০০৮